২০।৩।২০০৭

ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ২০ কলাম ৪

# ঢা.বির হলগুলোতে অচিরেই বসবে ফাইবার অপটিক ব্যাকবোন

## তথ্যপ্রযুক্তি বিষয়ক সেমিনারে উপাচার্য আজাদ চৌধুরী

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও হলে আগামী কয়েক মাসের মধ্যে ফাইবার অপটিক ব্যাকবোন সংযোগের মাধ্যমে ইন্টারনেট সংযোগ দেওয়া হবে। গত রোববার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে 'নবীন প্রকৌশলী ও শিক্ষিত যুবদের আন্তর্জাতিক মানের আইটি প্রফেশনালস তৈরির সম্ভাবনা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির ভাষণে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী একথা জানান।

আইটি প্রফেশনাল তৈরি সংক্রান্ত টাস্কফোর্সের আহ্বায়ক ইঞ্জিনিয়ার এম শাহজাহান খাদেমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তারা বলেন, নবীন প্রকৌশলী ও শিক্ষিত যুবক, যাদের কমপক্ষে ১৬ বছরের একাডেমিক ক্যারিয়ার আছে, ইংরেজিতে বলতে ও লিখতে পারে এবং সাধারণ কম্পিউটার জ্ঞান আছে তাদেরকে আইটি প্রফেশনালস তৈরির ওপর গুরুত্ব দেওয়া হবে।

বক্তারা উল্লেখ করেন, আইটি এডুকেশনের ওপর জোর দিতে হলে এখন থেকেই স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যন্ত ইংরেজি ও কম্পিউটার শিক্ষাকে বাধ্যতামূলক করা উচিত এবং এর মাধ্যমেই বাংলাদেশে তথ্য বিপ্লব ঘটানো সম্ভব।

বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৫০০ নবীন প্রকৌশলীকে নির্বাচন করে প্রথম ব্যাচ চালু হবে আগামী ৩ জুন থেকে।